

ঈশ্বর ও তুমি সমান্তরাল

ঈশ্বরকে দেখিনা, তবুও

নতজানু হয়ে আত্মসমর্পণ করি

নিজেকে শূন্য করে পূর্ণ হতে চাই

করণার কণামাত্র ভিক্ষা করি চোখের জলে ।

তোমার সামনে এলে, ঠিক তেমনই করে

প্রণয় ভিক্ষা করি দু'চোখে ভালবাসার আলো জ্বলে

এক কণা ভালবাসার আশায় পার করে দেই সমস্ত জীবন

তোমাকে ভালবাসি, তাই ভালবাসা ভরা

আমার হৃদয়টা উৎসর্গ করি একান্ত বিশ্বাসে

বিশ্বাস করি,

তোমার ভালবাসায় আমার হৃদয়ের শূন্যতা পূর্ণ করে দিবে ।

প্রিয়তমাসু, তুমি কি বুঝতে পারো

হৃদয়ের গভীরে ঈশ্বর ও তুমি সমান্তরাল ।

ঢাকা ৪ ২১.১২.২০০৬

মুহম্মদ আবদুস সালাম